



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail: chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং- মশিবো/কলেজ/বিবিধ/১৩/০৮/২০/৭৪৬

তারিখঃ ২৮/০২/২০২১

বিজ্ঞপ্তি

বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ, শিফট, ভার্সন, ছবি পরিবর্তন, টিসি এবং ভর্তি বাতিল প্রসঙ্গে।

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ (আসন শূন্য থাকা সাপেক্ষে), শিফট, ভার্সন, ছবি পরিবর্তন, টিসি এবং ভর্তি বাতিল কার্যক্রম আগামী ০২/০৩/২০২১ তারিখ হতে ৩১/০৩/২০২১ তারিখ পর্যন্ত চলবে।

শিক্ষার্থীগণ স্ব স্ব কলেজে তার চাহিদা মোতাবেক আবেদন করলে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এই ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের প্রয়োজনীয় ফি শিক্ষার্থীদের নিকট থেকে গ্রহণ করে সোনালী সেবার মাধ্যমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহে জমা দিবে। অতঃপর বোর্ডের অনুমোদন সাপেক্ষে সংশোধনী কার্যকর হবে এবং সংশোধিত তথ্যাবলি কলেজ কর্তৃপক্ষ অনলাইনে দেখতে পাবেন।

বোর্ডের নির্ধারিত ফি নিম্নরূপ

ক্রমিক	বিবরণ	নির্ধারিত ফি (টাকা)
০১	প্রতি বিষয় পরিবর্তন	৫০০
০২	গ্রুপ পরিবর্তন	১০০০
০৩	ভর্তি বাতিল	৮০০
০৪	টিসি	৮০০

নিম্নোক্ত ছক মোতাবেক গ্রুপ ও বিষয় পরিবর্তন এর জন্য আবেদন করতে হবে।

ক্রমিক নং	ছাত্রছাত্রীর নাম	এসএসসি রোল	রেজিস্ট্রেশন নং	বর্তমানে পঠিত বিষয় কোড সমূহ	পরিবর্তিত বিষয় কোড সমূহ

টিসি আবেদন অনলাইনে করতে হবে। অনলাইন ম্যানুয়াল বোর্ডের ওয়েবসাইটে দেয়া আছে।

শিফট, ভার্সন, ছবি পরিবর্তনের জন্য কোন ফি লাগবে না।

বোর্ডের ওয়েবসাইট হতে সংগৃহীত ভর্তি বাতিল ফরম পূরণ করে জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


কলেজ পরিদর্শক ২৮/০২/২০.

(শেখ মোঃ হাবিবুর রহমান)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত),

অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।